

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইন্সটন গার্ডেন রোড, ঢাকা।  
[www.kkcp.gov.bd](http://www.kkcp.gov.bd)

স্মারক: ৩২.০১.০০০০.০০৩.১৪.০১৩.১৮(অংশ-১)- ২৬৫৮

তারিখ: ২৫ মে, ২০২২

**বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ক্লাব মনিটরিং প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প” দেশের ৬৪টি জেলার ৪৯২টি উপজেলার (৪৫৫৩টি ইউনিয়ন ও ৩৩০টি পৌরসভা) ৪৮৮৩টি ক্লাব স্থাপন করা হয়েছে। প্রতিটি ক্লাবে ৩০ জন (২০ জন কিশোরী+১০জন কিশোর) মেম্বার আছে।

০২। ক্লাবগুলোতে বাল্য বিবাহ প্রতিরোধ ও জেন্ডার বেইজড ভায়োলেন্স প্রতিরোধ, প্রজনন স্বাস্থ্য ও অধিকার, মাদকাসক্তি, সমাজবিরোধী কর্মকান্ড প্রতিরোধ, নারী অধিকার, নারী পাচার, যৌন নির্যাতন, যৌতুক, ইভটিজিং, ব্যক্তিগত নিরাপত্তা ইত্যাদি বিষয়ে সচেতনতার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়া ক্যারাটে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ক্লাবগুলোতে বিভিন্ন জাতীয় দিবস উদযাপন, খেলাধুলা, সঙ্গীত, আবৃত্তি, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রকল্প হতে প্রতি ক্লাব কার্য দিবসে ক্লাব মেম্বারদের স্বাস্থ্যকর নাস্তা পরিবেশন করা হয়ে থাকে। ক্লাবগুলোতে ইতোমধ্যে আসবাবপত্র ক্রয়ের জন্য বরাদ্দ প্রদান করা হয়েছে।

০৩। ক্লাব কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি ক্লাব ব্যবস্থাপনা কমিটি (CMC) আছে। উক্ত কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার প্রকল্পের ডিপিপিতে উল্লেখ রয়েছে। প্রকল্প বাস্তবায়ন পর্যায়ে কোন উদ্ভূত সমস্যা নিরসনে ক্লাব ব্যবস্থাপনা কমিটি (CMC) কমিটি কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে পারে।

০৪। মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত তাঁর আওতাধীন উপজেলার কিশোর-কিশোরী ক্লাবগুলো উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে মনিটরিং করার বিষয়ে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহের অগ্রগতি পর্যালোচনা সভায় ইতোপূর্বে সিদ্ধান্ত নেয়া হয়েছে।

০৫। বর্ণিতাবস্থায়, সরকারের অগ্রাধিকার ভিত্তিক অত্র প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে তাঁর আওতাধীন উপজেলার কিশোর কিশোরী ক্লাবসমূহ মনিটরিং এবং কোন সমস্যা সমাধানে মহিলা বিষয়ক অধিদপ্তরের কোন কর্মকর্তা আপনার স্মরণাপন্ন হলে যথাযথ দিক-নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

  
মো: তরিকুল আলম

(অতিরিক্ত সচিব)

প্রকল্প পরিচালক (অ:দা:)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

উপজেলা নির্বাহী অফিসার (সকল)

.....

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

০১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

০২। জেলা প্রশাসক, ..... (সকল)।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ..... (সকল)।

০৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ..... (সকল)।

০৬। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১, ওয়েবসাইট, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

০৭। অফিস কপি।